

03

শিক্ষাকে গণমুখী করার কর্মসূচী নেওয়া হইয়াছে

শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার বলিয়াছেন, বর্তমান সরকার শিক্ষাকে উৎপাদন ও গণমুখী করার লক্ষ্যে শিক্ষা ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে বৈপ্লবিক কর্মসূচী হাতে নিয়াছে। গতকাল শিক্ষামন্ত্রী জাতীয় প্রেসক্রাব মিলনায়তনে বাংলাদেশ শিক্ষক সমিতির জয়নুল স্মৃতি বৃত্তি ও সনদ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন। সমিতির ঢাকা মহানগরী শাখার সভাপতি আবুল হোসেনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে মিসেস রহিমা খন্দকার এমপি, মিসেস শামসুন্নাহার এমপি, সমিতির কেন্দ্রীয় মহাসচিব নজরুল ইসলাম প্রমুখ বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, উন্মুক্ত বিশ্ব-বিদ্যালয়, গণশিক্ষা ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়িত হইলে শিক্ষা ব্যবস্থা উদার ও গণমুখী হইবে এবং দেশের প্রতিটি মানুষকে শিক্ষিত করিয়া তোলা সম্ভব হইবে। পরে শিক্ষামন্ত্রী কৃতি ছাত্র-ছাত্রীদের মধ্যে বৃত্তি ও সনদপত্র বিতরণ করেন।

—তথ্যবিবরণী